# বেসিক ব্যাংক পিএলসি.

সমৃদ্ধির পথে মানুষের সাথে

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

সাতক্ষীরা শাখা

হোল্ডিং#১২৪৭৮ (ওল্ড), ইটাগাছা বাজার মোড়, সুলতানপুর বড় বাজার রোড, সাতক্ষীরা-৯৪০০

## বন্ধকী সম্পত্তি নিলাম বিজ্ঞপ্তি

(অর্থঋণ আদালত আইন-২০০৩ (সংশোধনী-২০১০)-এর ধারা ১২(৩) অনুযায়ী)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **মোঃ মিজানুর রহমান,** পিতা- মোঃ আব্দুল মান্নান, মাতা- মোসাম্মাৎ মনোয়ারা বেগম, **ব্যবসায়িক ঠিকানাঃ** শোভনালী, আশাশুনি, সাতক্ষীরা ও স্থায়ী ঠিকানাঃ বাটকেখালি, মেঝোমিয়ার মোড়, উপজেলা- সাতক্ষীরা সদর, জেলা- সাতক্ষীরা এর নিকট তার নিজ **মালিকানাধীন মেসার্স গাজী ব্রিকস** নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের নামে বেসিক ব্যাংক পিএলসি, সাতক্ষীরা শাখা হইতে সিসি(হাইপো) ও ওডি (কোভিড) ঋণ গ্রহণ করেছিলেন, যাহা মেয়াদ উত্তীর্ণ হয়ে খেলাপী ঋণে পরিণত হয়। বাববার তলব ও তাগাদা দেওয়া সত্ত্বেও ঋণগ্রহিতার নিকট হতে ব্যাংকের পাওনা টাকা আদায় করা সম্ভব হয়নি। মোঃ আব্দুল মান্নান ঋণ গ্রহীতার পিতা ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিল বর্নিত সম্পত্তি বেসিক ব্যাংক পিএলসি, সাতক্ষীরা শাখা, সাতক্ষীরা এর অনুকূলে রেজিষ্ট্রী বন্ধক ও আমমোক্তারনামা সম্পাদন করেন, যাহাতে বেসিক ব্যাংক পিএলসি, সাতক্ষীরা শাখা, সাতক্ষীরাকে অনাদায়ী ঋণ আদায়ের নিমিত্তে বন্ধকী সম্পত্তি বিক্রয়ের ক্ষমতা অর্পণ করা আছে। উক্ত ঋণ গ্রহীতা ও বন্ধক দাতা ঋনের টাকা পরিশোধ না করায় গত ইং- ৩১/০৮/২০২৬ তারিখ পর্যন্ত মেসার্স গাজী ব্রিকস এর ঋণ হিসাবসমূহের বিপরীতে **মোট পাওনা হইয়াছে টাকা-৯৮,৪১,৮৬৪.৫৪ (কথায়-আটানব্বই লক্ষ একচল্লিশ হাজার আটশত চৌষট্টি টাকা চুয়ান্ন পয়সা মাত্র)**। উক্ত পাওনা টাকা হালনাগাদ সুদসহ আদায়ের নিমিত্তে অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী-২০১০) এর ধারা ১২(৩) মোতাবেক প্রদত্ত বিক্রয়ের ক্ষমতা বলে নিম্ন তফসিলভুক্ত বন্ধককৃত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্তাদিতে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**শর্তাবলীঃ**

১) **আগামী ইং- ০৮/১০/২০২৬ তারিখে দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে** দরপত্র সরাসরি বেসিক ব্যাংক পিএলসি, সাতক্ষীরা শাখায় রক্ষিত বাক্সে অথবা রেজিষ্টার্ড ডাক যোগে নির্ধারিত সময়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট পৌছাইতে হইবে এবং ঐ দিনই বিকাল ১২.০১ ঘটিকার সময় দরপত্র দাতাগনের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।

২) দাখিলকৃত দরপত্রে সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে 'সম্পত্তি ক্রয় ও দরপত্র প্রস্তাব' এবং দাতাদের স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা দরপত্রে উল্লেখ করিতে হইবে।

৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য জামানত(আর্নেস্ট মানি) স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বেসিক ব্যাংক পিএলসি, সাতক্ষীরা শাখা, সাতক্ষীরা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে ও অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

| ক্রঃ নং | আর্নেস্ট মানি/জামানতের পরিমান | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| ক) | উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে |
| খ) | উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০.০০ লক্ষ টাকা হইলে দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার ৬০ (ষাট) দিবসের মধ্যে |
| গ) | উদ্ধৃত দর ৫০.০০ লাখ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার ৯০ (নব্বই) দিবসের মধ্যে |

উল্লেখ্য, দরদাতা জামানতের অবশিষ্ট মূল্য নির্দিষ্ট সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে।

৪) দরপত্রে তফসিল সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বেসিক ব্যাংক পিএলসি, সাতক্ষীরা শাখা দরপত্র প্রস্তাব বাতিল করিতে পারিবে। ত্রুটিপূর্ন দরপত্র সরাসরি বাতিল হইবে।

৫) তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায় দায়িত্ব বেসিক ব্যাংক পিএলসি, সাতক্ষীরা শাখা, সাতক্ষীরা এর উপর বর্তাইবে না।

৬) কৃতকার্য দরপত্র দাতাকে শর্তপালন সাপেক্ষে অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী-২০১০) এর বিধান মোতাবেক বর্ণিত বন্ধকী সম্পত্তির দখল প্রদান করা হইবে।

৭) এবং কৃতকার্য দরপত্র দাতাকে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন রেজিস্ট্রি ফি, ষ্ট্যাম্প ডিউটি, অন্যান্য শুল্ক এবং যাবতীয় আনুষাঙ্গিক খরচাদি বহন করিতে হইবে।

৮) সর্বোচ্চ দরপত্র দাতা দরপত্রের শর্তানুযায়ী অর্থ পরিশোধে ব্যর্থ হইলে কর্তৃপক্ষ পরবর্তী দরপত্র দাতার দরপত্র গ্রহণ যোগ্য হইলে উহা বিবেচনা করিতে পারিবেন।

৯) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনকারী ইচ্ছুক ব্যক্তিগন বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

১০) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করিবে।

**বন্ধকী সম্পত্তির তফসিলঃ**

(ক) জেলা- সাতক্ষীরা, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস- সাতক্ষীরা সদর, **মৌজা- রামদেবপুর,** জেএল- ৯৬, হোল্ডিং নং- ১৯৫, খতিয়ান নং- ডিএস-৯৯, এসএ খতিয়ান-১৩৩, পৃথক খতিয়ান-১৩৩/৫, বিআরএস খতিয়ান- ১৯১, দাগ নং- সিএ/এসএ/ডিএস-১৮০১, বিআরএস দাগ-৩০৯৮, **জমির পরিমান-২৪.৪০ শতক, মালিক- মোঃ আব্দুল মান্নান (স্বত্ত্বাধিকারীর পিতা)**। জমির চৌহদ্দিঃ উত্তরে-হোসেন আলী, দক্ষিনে-মোঃ শফিকুল ইসলাম ও অমল ব্যানার্জী, পুর্বে- রাস্তা ও রফিকুল ইসলাম, পশ্চিমে- রুহুল আমিন ও ইব্রাহিম।

(খ) জেলা- সাতক্ষীরা, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস- সাতক্ষীরা সদর, **মৌজা- রামদেবপুর,** জেএল- ৯৬, হোল্ডিং নং- ১৯৫, খতিয়ান নং- ডিএস-৯৪, এসএ খতিয়ান-১২৮, পৃথক খতিয়ান-১২৮/৫, বিআরএস খতিয়ান-১৯১, দাগ নং- সিএ/এসএ/ডিএস- ১৮০৪, বিআরএস দাগ- ৩০৯৭, **জমির পরিমান-১৮.৫০ শতক, মালিক- মোঃ আব্দুল মান্নান (স্বত্ত্বাধিকারীর পিতা)**। জমির চৌহদ্দিঃ উত্তরে-হোসেন আলী, দক্ষিনে-মোঃ শফিকুল ইসলাম ও অমল ব্যানার্জী, পুর্বে- রাস্তা ও রফিকুল ইসলাম, পশ্চিমে- রুহুল আমিন ও ইব্রাহিম।

শাখা ব্যবস্থাপক- সাতক্ষীরা শাখা,
মোবাইল- ০১৭১২৫০৩৭০৮।

১। দৈনিক যুগান্তর
২। দৈনিক পত্রদূত
প্রকাশ ১৫/০৯/২০২৬